# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, শেরেবাংলা নগর
আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

**বিষয়: ২৫ জুন ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত জুন ২০২৩ খ্রি. মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

**সভাপতি** : জনাব মোঃ আলী আকবর খান
চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

**সময়** : রবিবার বেলা ৩.০০ ঘটিকা।

স্থান : সভাকক্ষ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

সভায় উপস্থিতির তালিকা: পরিশিষ্ট-ক

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বোর্ডের সচিব বিগত ৩১ মে ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণী এ সভায় দৃঢ়ীকরণ করা হয়। অতপর বোর্ডের সচিব সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে সভায় আলোচ্যসূচি উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহিত হয় ঃ

| বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন ও নিশ্চিতকরণ | সভায় গত ৩১ মে ২০২৩ খ্রি. তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করা হয় কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। | |
| ই-ফাইলিং কার্যক্রম সম্পর্কিত আলোচনা | বোর্ডের কর্মকর্তা-কর্মচারিগণ ই-ফাইলিং এর মাধ্যমে পত্রজারি কার্যক্রম অব্যাহত রেখেছেন। ৩০ জুন ২০২৩ খ্রি. পর্যন্ত ই নথিতে মোট নোট নিষ্পত্তির সংখ্যা ৪৯টি এবং পত্রজারির সংখ্যা ১০টি। জুলাই ২০২৩ মাসে প্রত্যেক বিভাগকে অন্তত ১০টি করে পত্র ই-নথিতে নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সকল বিভাগীয় প্রধান<br>খ) কম্পিউটার সেল (সিস্টেম এনালিস্ট) |
| ই-টেন্ডারিং | জরুরি প্রয়োজন ব্যতীত বোর্ডের সকল প্রকার ক্রয় প্রক্রিয়া শুধুমাত্র ই-টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। জুন ২০২৩ মাসে মোট ই-জিপি টেন্ডার ২টি (লাইভে যাবে) ডকুমেন্ট সম্পন্ন হয়েছে, ই-জিপি টেন্ডার মূল্যায়ন চলমান ৩টি, ই-জিপি টেন্ডার-NOA/কার্যাদেশ প্রদান ১টি, আরএফকিউ ৩টি। আগামী জুলাই ২০২৩ খ্রি. মধ্যে টেন্ডারিং এর সকল প্রক্রিয়া শেষ করার নির্দেশনা দেয়া হয়। | প্রশাসন বিভাগের স্টোর/প্রকিউরমেন্ট/ সংস্থাপন শাখা |
| ইন-হাউজ প্রশিক্ষণ | ইন হাউজ প্রশিক্ষণ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। জুন মাসে ২য় ব্যাচ ট্রেনিং সম্পন্ন হয়েছে। জুলাই মাসের মধ্যে ৩য় ও ৪র্থ ব্যাচ প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন বিভাগের সংস্থাপন শাখা |
| জিআরএস | বোর্ডের উপসচিব (প্রশাসন) অঃ দাঃ সভাকে জানান যে, জিআরএস প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করা হচ্ছে। এ সংক্রান্ত আইডিতে প্রবেশ করে অভিযোগ যাচাই করা হয়েছে। জুন ২০২৩ মাসের ওয়েবসাইটের মাধ্যমে প্রাপ্ত অভিযোগের সংখ্যা ১১টি এ মাসে ৮টি অভিযোগ নিষ্পত্তি হয়েছে এবং ৩টি চলমান রয়েছে। | প্রশাসন বিভাগ |
| অডিট আপত্তি নিষ্পত্তি | হিসাব শাখা থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ি ২৬টি অডিট আপত্তি রয়েছে। জুন ২০২৩ মাসে কোন অডিট আপত্তি নিষ্পত্তি হয়নি। প্রতি মাসে কমপক্ষে একটি করে অডিট আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রশাসন বিভাগের হিসাবরক্ষণ শাখা |
| মামলা সংক্রান্ত | বোর্ডের কর্মচারি কর্তৃক মামলার সংখ্যা ১৭টি এবং শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন বিষয়ে মামলার সংখ্যা ৩৪টি সহ মোট মামলার সংখ্যা ৫১টি। বর্তমানে সবগুলো মামলা বিচারাধীন। সকল মামলার জবাব সঠিক সময়ে প্রেরণ করতে হবে। এ ব্যাপারে বোর্ডের আইনজীবী সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখতে হবে। | প্রশাসন বিভাগ |
| শাখাওয়ারী অনিষ্পন্ন পত্রাদি সম্পর্কে আলোচনা | বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগের জুন ২০২৩ তারিখ পর্যন্ত অনিষ্পন্ন বিষয়াদি পাওয়া যায়নি, পরিদর্শন বিভাগ জুন ২০২৩ তারিখ পর্যন্ত অনিষ্পন্ন বিষয়াদি পাওয়া যায়নি, কারিকুলাম বিভাগের জুন ২০২৩ তারিখ পর্যন্ত অনিষ্পন্ন বিষয়াদি ২৪টি, NTVQF বিভাগের জুন ২০২৩ তারিখ পর্যন্ত অনিষ্পন্ন বিষয়াদি নেই এবং প্রশাসন বিভাগের নেই ২০২৩ পর্যন্ত কোন অনিষ্পন্ন বিষয়াদি নেই। শাখাওয়ারী অনিষ্পন্ন পত্রাদি যাতে এক সপ্তাহের বেশি পেন্ডিং না থাকে সেদিকে সকল বিভাগীয় প্রধানকে কঠোরভাবে দৃষ্টি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। সচিবালয় নির্দেশমালা অনুযায়ি বিভাগীয় প্রধানগণকে স্ব স্ব বিভাগ/শাখা পরিদর্শন করার বিষয়ে জোরালো সিদ্ধান্ত গৃহিত হয়। | সকল বিভাগীয় প্রধান |

| | | |
|---|---|---|
| ইনোভেশন বিষয়ে আলোচনা | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ অনুযায়ি ইনোভেশন আইডিয়া প্রণয়ন করে (দুইটি ইনোভেশন আইডিয়া) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক প্রেরিত ছক অনুযায়ি ইতোপূর্বে উহা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং শিক্ষার্থীদের তথ্য সংশোধন বিষয়ক ই-সেবা প্লাটফর্ম চালু করা হয়েছে। বোর্ডের ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট তাদের দায়িত্ব সঠিকভাবে পালন করছেন। | ইনোভেশন সম্পর্কিত গঠিত কমিটি |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর অগ্রগতি সম্পর্কে আলোচনা | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর বিকল্প ফোকাল পয়েন্ট জনাব মো. হুমায়ুন কবির, মূল্যায়ন কর্মকর্তা ও উপপরিদর্শক এসএসসি ভোক. (অ.দা) জানান ২০২২-২৩ অর্থ বছরের ৪র্থ কোয়াটার তথ্য সংশ্লিষ্ট শাখা হতে সংগ্রহ করা হয়েছে। জুলাই এর ১ম সপ্তাহে ডাটা এন্ট্রি দেয়া হবে। ২০২২-২৩ অর্থ বছরের (APA) চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান সিনিয়র সচিব মহোদয় হজ্ব শেষে দেশে আসার পর চুক্তি স্বাক্ষরিত হবে। | ক) কারিকুলাম বিভাগ।<br>খ) গঠিত কমিটি |
| জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে অগ্রগতি | বোর্ডের বিভাগীয় প্রধানগণকে শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে অগ্রণী ভূমিকা পালনের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। মন্ত্রণালয়ের দেয়া নির্ধারিত সময়ের মধ্যে শুদ্ধাচার কৌশল কার্যক্রম সম্পন্ন এবং প্রতি মাসে ডিজিটাল হাজিরা পর্যবেক্ষণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন বিভাগ |
| এসডিজি কর্মপরিকল্পনা | বোর্ডের সচিব সভায় এসডিজি কর্মপরিকল্পনা সম্পর্কে বিশদ আলোচনা করেন। এসডিজি কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সবাইকে একযোগে কাজ করার জন্য নির্দেশনা দেন। | সকল বিভাগীয় প্রধান |
| প্রকল্প | বোর্ডে বর্তমানে দুইটি প্রকল্প (১) BTEB ভবন-৩ প্রকল্প (২) “Establishment International Standard Welding Training Lab Project” শীর্ষক প্রকল্পের ল্যাব স্থাপন ও যন্ত্রপাতি আমদানি কার্যক্রম চলমান আছে। উভয় প্রকল্পের পিডিকে যথাসময়ে প্রকল্প বাস্তবায়নে সক্রিয় থাকতে হবে। | প্রকল্প পরিচালক |
| বিবিধ | ক) আগামী সমন্বয় সভার পূর্বেই সিটিজেন চার্টার চূড়ান্ত করে ওয়েবসাইট হালনাগাদকরণ এবং দুই ভবনের দৃশ্যমান স্থানে প্রদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (আইটিসি) |
| | খ) কর্মকর্তাদের নতুন আপডেটেড বার্ষিক গোপনীয় (ACR) ফরম সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন বিভাগ সংস্থাপন শাখা |
| | গ) বিভাগীয় প্রধানগণের ছুটিকালীন/কর্মস্থল ত্যাগ কালীন বিকল্প কর্মকর্তার তালিকা ওয়েবসাইটে আপডেট করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন বিভাগ |
| | ঘ) পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগের অধীনে বিভিন্ন কারিকুলামের পরীক্ষা কেন্দ্রের অনুমোদিত তালিকা ওয়েবসাইটে আপডেট করতে হবে। এছাড়া যেসকল কেন্দ্র পরিদর্শনের পর অনুমোদিত হয়নি সেসকল কেন্দ্রের তালিকা অনুনোমোদনের কারণসহ ওয়েবসাইটে প্রচার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ |
| | ঙ) বোর্ড ভবন-২ এর ২য় তলার কনফারেন্স রুমের দায়িত্ব একজন কর্মকর্তার নিয়ন্ত্রণে দায়িত্ব প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন বিভাগ |
| | চ) অতিদ্রুত সময়ের মধ্যে বোর্ডের কম্পিউটার সেলের ব্যবহৃত সফটওয়্যারের লগ ফাইল নিশ্চিতের সিদ্ধান্ত গৃহীত হয়। | সিস্টেম এনালিস্ট-১<br>সিস্টেম এনালিস্ট-২ |

পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় বোর্ডের সকল কর্মকর্তাকে তাদের উপর অর্পিত দায়িত্ব দক্ষতা, সততা ও নিষ্ঠার সাথে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/০৬/২৫

(মোঃ আলী আকবর খান)
চেয়ারম্যান

স্মারক নং ৫৭.১৭.০০০০.১০২.১৮.০৩৪.১৭-৩৩৯(৯)

তারিখ: ২৫ জুন ২০২৩ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-

১। সিনিয়র সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২-৭। সচিব/পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি)/প্রকল্প পরিচালক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৮। সকল কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। সংশ্লিষ্ট নথি।

২৫/০৬/২৫

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)
সচিব